

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭২৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ (২৮) সফরে সালাত আদায় প্রসঙ্গে

28 _ فَصْلٌ فِي صَلَاةِ السَّفَر

আরবী

2724 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ حَدَّثَنَا يَزِيدُ بْنُ خَالِد بْنِ عَبْدِ اللَّهِ بْنِ مَوْهَبٍ حَدَّثَنِي اللَّيْثُ بْنُ سَعْدٍ عَنِ ابْنِ شِهَابٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي بَكْرِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ أَمُيَّةَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرَ: إِنَّا نَجِدُ صَلَاةَ الْحَضَرِ وَصَلَاةَ أَمْيَّةَ بْنِ عَبْدُ اللَّهِ بْنِ عَبْدُ اللَّهِ بْنِ عَبْدُ اللَّهِ بْنِ عَبْدُ اللَّهِ جَلَّ وَعَلَا أَمْ فَوْ فِي الْقُرْآنِ فَقَالَ لَهُ عَبْدُ اللَّهِ: ابْنَ أَخِي إِنَّ اللَّهَ جَلَّ وَعَلَا الْخَوْفِ وَلَا نَجْدُ صَلَاةَ السَّفَرِ فِي الْقُرْآنِ فَقَالَ لَهُ عَبْدُ اللَّهِ: ابْنَ أَخِي إِنَّ اللَّهَ جَلَّ وَعَلَا الْخَوْفِ وَلَا نَجْدُ صَلَاةً السَّفَرِ فِي الْقُرْآنِ فَقَالَ لَهُ عَبْدُ اللَّهِ: ابْنَ أَخِي إِنَّ اللَّهَ جَلَّ وَعَلَا الْخَوْفِ وَلَا نَجْدُ صَلَلَة السَّفَرِ فِي الْقُرْآنِ فَقَالَ لَهُ عَبْدُ اللَّهِ: ابْنَ أَخِي إِنَّ اللَّهَ جَلَّ وَعَلَا الْخَوْفِ وَلَا نَحْدُ اللَّهُ عَلْدُ اللَّهُ عَلْدُ اللَّهُ عَلْدُ اللَّهُ عَلْدُ اللَّهُ عَلْدُ اللَّهُ عَلْدُ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلَا نَعْلَمُ شَيْئًا فَإِنَّمَا نَفْعَلُ كُمَا رَأَيْنَاهُ يَفْعل. الراوي: عَمْرَةُ بِنْتُ عَبْدِ الرَّحْمَنِ اللمحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2724 | خلاصة حكم المحدث: صحيح ـ ((التعليق على ابن ماجه)) (1/ 330).

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: أَبَاحَ اللَّهُ جَلَّ وَعَلَا قَصْرَ الصَّلَاةِ عِنْدَ وُجُودِ الْخَوْفِ فِي كِتَابِهِ حَيْثُ يَقُولُ: {فَلَيْسَ عَلَيْكُمْ جُنَاحٌ أَنْ تَقْصُرُوا مِنَ الصَّلَاةِ إِنْ خِفْتُمْ أَن يفتنكم الذين كفروا} [النساء: 101] وَأَبَاحَ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَصْرَ الصَّلَاةِ فِي النَّهُ وَيْدَ وُجُودِ الْأَمْنِ بِغَيْرِ الشَّرْطِ الَّذِي أَبَاحَ اللَّهُ جَلَّ وَعَلَا قَصْرَ الصَّلَاةِ بِهِ فَالْفِعْلَانِ جَمِيعًا مُبَاحَانِ مِنَ اللَّهِ أَحَدُهُمَا إِبَاحَةٌ فِي كِتَابِهِ وَالْآخَرُ إِبَاحَةٌ عَلَى لِسَانِ رَسُولِهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ.

বাংলা

২৭২৪. উমাইয়্যাহ বিন আব্দুল্লাহ বিন খালিদ রহিমাহুল্লাহ আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমাকে বলেন,



"আমরা কুরআনে মুকীম অবস্থায় সালাত, ভীতিকালিন সালাতের বিবরণ পাই কিন্তু সফরকালিন সালাতের তো কোন বিবরণ দেখতে পাই না!" তখন তিনি জবাবে বলেন, "ভাতিজা, নিশ্চয়ই মহান আল্লাহ আমাদের কাছে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে আমাদের কাছে নাবী করে পাঠান এমন অবস্থায় যে, আমরা কোন কিছুই জানতাম না। অতঃপর আমরা তাই সম্পাদন করি, যা আমরা তাঁকে সম্পাদন করতে দেখেছি।"[1]

আবূ হাতিম ইবনু হিকান রহিমাহল্লাহ বলেন, "মহান আল্লাহ কুরআনে ভীতিকালিন সময়ে সালাত কসর করার বৈধতা দিয়েছেন। তিনি বলেছেন, الذين كفروا مِنَ الصَّلَاةِ إِنْ خِفْتُمْ أَن يفتنكم الذين كفروا (তবে তোমাদের জন্য কোন দোষ নেই সালাত কসর করাতে, যদি তোমরা ভয় করো যে, কাফেররা তোমাদেরকে ফেতনায় ফেলে দিবে)। মহান আল্লাহ যে শর্তের ভিত্তিতে সালাত করার বৈধতা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সে শর্ত ছাড়াই সফরে নিরাপদ থাকা অবস্থাতেও সালাত কসর করার বৈধতা দিয়েছেন। কাজেই উভয়টি আল্লাহর পক্ষ থেকে বৈধ; একটি কুরআনে বৈধ আরেকটি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের জবানীতে বৈধ।"

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৯৪; ইবনু মাজাহ: ১০৬৬; হাকিম: ১/২৫৮; সুনান বাইহাকী: ৩/১৩৬।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীক আলা ইবনে মাজাহ: ১/১৩০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উমাইয়্যাহ্ ইবনু 'আবদুল্লাহ (রহ.)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন